

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়  
আমতলী, বরগুনা।  
[www.dao.amtali.barguna.gov.bd](http://www.dao.amtali.barguna.gov.bd)

স্মারক নং-০৭.০৩.০৪০৯.০০০.৭.০০১.২৩.০১২

তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রিঃ

অফিস বিজ্ঞপ্তি

বিষয়ঃ “আয়কর আইন-২০২৩” অনুযায়ী গণকর্মচারীর আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলায় প্রণীত “আয়কর আইন-২০২৩” ১ লা জুলাই ২০২৩ খ্রিঃ হতে কার্যকর হয়েছে। ইতোপূর্বে গণকর্মচারীদের নির্দিষ্টকৃত মূল বেতনের ভিত্তিতে আয়কর রিটার্ন দাখিলের নিয়ম থাকলেও বর্তমান আয়কর আইন-২০২৩ এ গণকর্মচারীর বেতন গ্রেড নির্বিশেষে সকলের আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

- আয়কর আইনের ১৬৬(গ) ধারা অনুযায়ী কোন ব্যক্তি গণকর্মচারী হলে তিনি রিটার্ন দাখিল করবেন।
- আয়কর আইনের ২৬৪(৩) ২৭ ধারা অনুযায়ী গণকর্মচারীর বেতন ভাতাদি প্রাপ্তিতে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করতে হবে।
- আয়কর আইনের ১৬৭(১) ধারা অনুযায়ী সকল গণকর্মচারী আবশ্যিকভাবে পরিসম্পদ ও দায়ের বিবরণী দাখিল করবেন।

অর্থাৎ গণকর্মচারী মাত্রই তাঁকে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।

এ প্রেক্ষিতে আপনার কার্যালয়ে কার্যালয়ে কর্মরত সকল গণকর্মচারীকে ৩০ নভেম্বর ২০২৩ খ্রিঃ (নতুন ব্যক্তিদের ক্ষেত্রে ৩০ জুন ২০২৪) এর মধ্যে আয়কর রিটার্ন দাখিলের বিষয়টি অবগত করা হলো।



(মোঃ আবু সালেহ)  
উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা  
আমতলী, বরগুনা।